

অসম

সত্ত্বপৰ্ণে পাৰ হলে কৰ্দমাত্ত পিচ্ছিল উঠোন  
ঘৰেৰ ভেতৰ ঢুকে দেখি  
বিছানায় শুয়ে আছে ততোধিক পিচ্ছিল নারী ---  
একে কী ফেৰাতে আমি পাৰি ?  
এ-নারী কি বিষকন্যা ? নারীবাদী কিনা  
এইচ আই ভি পজিটিভে ফেঁসে গেছে কিনা  
জানার সময় নেই, আগুহও নেই তত আজ  
তাই আমি খুলে ফেলি নারীটির দেহের মোড়ক,  
খুলি তার স্কন্ধ, গ্ৰীবা, নিতম্বের জোড়  
খুলি তার মন আর হৃদয়ের সু  
খুলি তার কাম, মায়া ভূত - ভবিষৎ  
সবশেষে খুলে ফেলি ভালোবাসা - গেরো---  
এ নারী সাতাশ নয়, সাঁয়ত্রিশও নয়  
টিন এজারও নয়, মোটে একশো সতেরো।

অসিত দাশ

